গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

**স্মারক নম্বর:** ৫১.০১.০০০০.০০০.০২৭.১৫.০০০১.২৬.১২০

তারিখ: ১৮ বৈশাখ ১৪৩৩
০১ মে ২০২৬

বিষয়: **দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।**

**১। আবহাওয়ার সতর্কবার্তা:**

উত্তর বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় বায়ুচাপের তারতম্যের আধিক্য অব্যাহত রয়েছে।

চট্টগ্রাম, কক্সবাজার, মোংলা ও পায়রা সমুদ্র বন্দরসমূহকে ০৩ (তিন) নম্বর (পুন:) ০৩ (তিন) নম্বর স্থানীয় সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

উত্তর বঙ্গোপসাগরে অবস্থানরত মাছ ধরার নৌকা ও ট্রলারমূহকে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত উপকূলের কাছাকাছি এসে সাবধানে চলাচল করতে বলা হয়েছে।

**২। আজ ০১ মে ২০২৬ সকাল ০৯ টা থেকে সন্ধ্যা ০৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দরসমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:**

খুলনা, বরিশাল, পটুয়াখালী, নোয়াখালী, কুমিল্লা, চট্রগ্রাম, এবং কক্সবাজার অঞ্চলসমূহের উপর দিয়ে পশ্চিম/উত্তর-পশ্চিম থেকে

ঘন্টায় ৪৫-৬০ কি.মি. বেগে বৃষ্টি/বজ্রবৃষ্টিসহ অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। এসব এলাকার নদীবন্দর সমূহকে ০১ নম্বর (পুন:) ০১ নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

**৩। কালবৈশাখী ঝড়ের সতর্কবার্তা :**

আজ (০১ মে ২০২৬) দুপুর ০১:০০ টা থেকে পরবর্তী ৪৮ ঘন্টার মধ্যে রংপুর , রাজশাহী, ময়মনসিংহ, ঢাকা, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের উপর বিচ্ছিন্নভাবে পশ্চিম/উত্তরপশ্চিম দিক থেকে ঘন্টায় ৬০- ৮০ কিমি/ঘন্টা বা তার অধিক বেগে ঝড়ো হাওয়াসহ কালবৈশাখী ঝড় বয়ে যেতে পারে।

এ সময় কালবৈশাখী ঝড়ের সাথে বজ্রপাত ও বিচ্ছিন্নভাবে শিলাবৃষ্টি হতে পারে।

**৪। ভারী বৃষ্টিপাতের সতর্কবার্তা:**

দেশের অভ্যন্তরে বজ্রমেঘ তৈরি অব্যাহত থাকায় আজ (০১.০৫.২০২৬ খ্রি.) দুপুর ০১:০০ টা হতে পরবর্তী ৪৮ ঘন্টায় ময়মনসিংহ, ঢাকা, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের কোথাও কোথাও ভারী (৪৪-৪৮ মি.মি./২৪ ঘন্টা) থেকে অতি ভারী (>৮৮ মি.মি./২৪ ঘন্টা) বর্ষণ হতে পারে।

ভারী থেকে অতি ভারী বর্ষণের কারণে এসব এলাকার কোথাও কোথাও অস্থায়ীভাবে জলাবদ্ধতাসহ চট্টগ্রাম বিভাগের পাহাড়ি এলাকার কোথাও কোথাও ভূমিধ্বস হতে পারে।

**৫। আজ ০১.০৫.২০২৬ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ১২০ ঘন্টার আবহাওয়ার পূবার্ভস:**

**সিনপটিক অবস্থা:** বিরাজমান লঘুচাপের বর্ধিতাংশ পশ্চিমবঙ্গ হতে উত্তর বঙ্গোপসাগর পর্যন্ত বিস্তৃত রয়েছে।

**পূর্বাভাস:**

**প্রথম দিন (০১.০৫.২০২৬ তারিখ সকাল ০৯ টা থেকে):**

**বৃষ্টিপাত:** রংপুর, রাজশাহী, ময়মনসিংহ, ঢাকা, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অনেক জায়গায় অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়া ও বিদ্যুৎ চমকানোসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে দেশের কোথাও কোথাও মাঝারী ধরণের ভারী থেকে অতি ভারী বর্ষণ হতে পারে।

**তাপমাত্রা:** সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা সামান্য বাড়তে পারে।

**দ্বিতীয় দিন (০২.০৫.২০২৬ তারিখ সকাল ০৯ টা থেকে ):**

**বৃষ্টিপাত:** রংপুর, রাজশাহী, ময়মনসিংহ, ঢাকা, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অনেক জায়গায় অস্থায়ীভাবে

দমকা/ঝড়ো হাওয়া ও বিদ্যুৎ চমকানোসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে দেশের কোথাও কোথাও মাঝারী ধরণের ভারী থেকে অতি ভারী বর্ষণ হতে পারে।

**তাপমাত্রা:** সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

**তৃতীয় দিন (০৩.০৫.২০২৬ তারিখ সকাল ০৯ টা থেকে):**

**বৃষ্টিপাত:** রংপুর, রাজশাহী, ময়মনসিংহ, ঢাকা, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অনেক জায়গায় অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়া ও বিদ্যুৎ চমকানোসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/ বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে দেশের কোথাও কোথাও মাঝারী ধরণের ভারী থেকে অতি ভারী বর্ষণ হতে পারে।

**তাপমাত্রা:** সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

**চতুর্থ দিন (০৪.০৫.২০২৬ তারিখ সকাল ০৯ টা থেকে**):

**বৃষ্টিপাত:** ময়মনসিংহ, ঢাকা, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অনেক জায়গায় এবং রংপুর ও রাজশাহী বিভাগের কিছু কিছু জায়গায় অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়া ও বিদ্যুৎ চমকানোসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/ বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে ময়মনসিংহ, ঢাকা, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী থেকে অতি ভারী বর্ষণ হতে পারে।

**তাপমাত্রা:** সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

**পঞ্চম দিন (০৫.০৫.২০২৬ তারিখ সকাল ০৯ টা থেকে):**

**বৃষ্টিপাত:** ময়মনসিংহ, ঢাকা, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অনেক জায়গায় এবং রংপুর ও রাজশাহী বিভাগের কিছু কিছু জায়গায় অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়া ও বিদ্যুৎ চমকানোসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজস্র হ বষ্টি হতে পারে। সেই সাথে ময়মনসিংহ, ঢাকা, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী থেকে অতি ভারী বর্ষণ হতে পারে।

**তাপমাত্রা:** সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা (১-২) ডিগ্রী সে. বাড়তে পারে।

**বর্ধিত ৫ (পাঁচ) দিনের আবহাওয়ার অবস্থাঃ** বৃষ্টিপাতের প্রবণতা কমতে পারে এবং তাপমাত্রা আরো বাড়তে পারে।

গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):

| **বিভাগের নাম** | **ঢাকা** | **রাজশাহী** | **রংপুর** | **ময়মনসিংহ** | **সিলেট** | **চট্টগ্রাম** | **খুলনা** | **বরিশাল** |
|---|---|---|---|---|---|---|---|---|
| সর্বোচ্চ তাপমাত্রা | ২৬.০ আরিচা | ২৯.৪ রাজশাহী | ২৭.৪ তেঁতুলিয়া | ২৪.০ ময়মনসিংহ | ২৩.৫ সিলেট | ৩০.৮ কুতুবদিয়া | **৩৩.৬ সাতক্ষীরা** | ৩০.০ খেপুপাড়া |
| সর্বনিম্ন তাপমাত্রা | **১৮.৫ নারায়নগঞ্জ** | ২০.০ তাড়াশ | ১৯.০ তেঁতুলিয়া | ২০.০ নেত্রকোনা | ১৯.২ সিলেট | ১৯.৬ বান্দরবান | ২০.০ খুলনা | ২০.৪ খেপুপাড়া |

গতকাল দেশের সর্বোচ্চ তাপমাত্রা ছিল **সাতক্ষীরা ৩৩.৬$^{\circ}$** এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা **নারায়ণগঞ্জ ১৮.৫$^{\circ}$।**

(তথ্যসূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা)

**বজ্রবৃষ্টি ও বজ্রপাতের সময় করণীয়:**

- বজ্রপাত হলে ঘরের মধ্যে থাকুন;
- জানালা ও দরজা বন্ধ রাখুন;
- সম্ভব হলে যাত্রা এড়িয়ে চলুন;
- নিরাপদ আশ্রয়ে আশ্রয় নিন;
- গাছের নিচে আশ্রয় নেবেন না;
- কংক্রিটের মেঝেতে শয়ন করবেন না এবং কংক্রিটের দেয়ালে হেলান দেবেন না;
- বৈদ্যুতিক ও ইলেক্ট্রনিক ডিভাইসগুলির প্লাগ খুলে দিন;
- জলাশয় থেকে তাৎক্ষণিকভাবে উঠে আসুন;
- বিদ্যুৎ পরিবাহক বস্তু থেকে দূরে থাকুন;
- শিলা বৃষ্টির সময় ঘরে অবস্থান করুন।

**৬। বৃষ্টিপাত ও নদ-নদীর অবস্থা:**

**(১৮ বৈশাখ, ১৪৩৩ বঙ্গাব্দ/০১ মে, ২০২৬ খ্রি.)**

**এক নজরে উত্তর-পূর্বাঞ্চলীয় হাওর অববাহিকার নদ-নদীর পরিস্থিতি ও পূর্বাভাসঃ**

- **নেত্রকোনা জেলার ভুগাই-কংস নদী জারিয়াজাঞ্জাইল পয়েন্টে, সোমেশ্বরী নদী কমলাকান্দা পয়েন্টে, মগরা নদী নেত্রকোনা ও**

আটপাড়া পয়েন্টে এবং হবিগঞ্জ জেলার সুতাং নদী সুতাং-রেলওয়ে ব্রীজ পয়েন্টে প্রাক-মৌসুমী বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত হচ্ছে।

- দেশের উত্তর-পূর্বাঞ্চলের হাওর অববাহিকার সুরমা-কুশিয়ারা ও ধনু-বাউলাই নদীসমূহের পানি সমতল গত ২৪ ঘণ্টায়বৃদ্ধি পেয়েছে; তবে নদীসমূহ প্রাক-মৌসুমী বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে।
- গত ২৪ ঘণ্টায় দেশের উত্তর-পূর্বাঞ্চলের উজানে এবং অভ্যন্তরে হাওর অববাহিকায় মাঝারি থেকে মাঝারি-ভারি বৃষ্টিপাত পরিলক্ষিত হয়েছে। বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর ও বৈশ্বিক আবহাওয়া সংস্থাসমূহের তথ্য অনুযায়ী, এই অঞ্চলে আগামী০১ দিন মাঝারি-ভারি থেকে ভারি, ২য় দিন ভারি থেকে অতিভারি এবং ৩য় দিন মাঝারি-ভারি থেকে ভারি বৃষ্টিপাতের পূর্বাভাস রয়েছে।
- উত্তর-পূর্বাঞ্চলের হাওর অববাহিকার সিলেট, সুনামগঞ্জ জেলার সুরমা-কুশিয়ারা নদীসমূহের পানি সমতল আগামী ০৩ দিন বৃদ্ধি পেতে পারে। ৩য় দিনে কুশিয়ারা নদীর পানি সমতল বৃদ্ধি পেয়ে প্রাক-মৌসুমী বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত হতে পারেএবং সুরমা নদীর পানি সমতল সর্তকসীমায় প্রবাহিত হতে পারে। ফলে সিলেট ও সুনামগঞ্জ জেলার হাওর সংলগ্ন নিম্নাঞ্চলে বন্যা পরিস্থিতির সৃষ্টি হতে পারে।
- নেত্রকোনা ও কিশোরগঞ্জ জেলার ভুগাই-কংস ও ধনু-বাউলাই নদীসমূহের পানি সমতল আগামী ০৩দিন বৃদ্ধি পেতে পারে। বাউলাই নদী খালিয়াজুড়ি পয়েন্টে ২য় দিনে প্রাক-মৌসুমী বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত হতে পারে, ফলে নেত্রকোনা জেলার হাওর সংলগ্ন নিম্নাঞ্চলে বন্যা পরিস্থিতির অবনতি হতে পারে।
- মৌলভীবাজার ও হবিগঞ্জ জেলার মনু, খোয়াই ও জুড়ি নদীসমূহের পানি সমতল আগামী ০১ দিন হ্রাস পেতে পারে এবং ২য় ও ৩য় দিন বৃদ্ধি পেতে পারে। জুড়ি নদীর পানি সমতল ২য় দিনে এবং মনু ও খোয়াই নদীসমূহের পানি সমতল ৩য় দিনে দ্রত বৃদ্ধি পেয়ে প্রাক-মৌসুমী বিপদসীমার উপর প্রবাহিত হতে পারে। ফলে মৌলভীবাজার ও হবিগঞ্জ জেলার হাওর সংলগ্ন নিম্নাঞ্চলে বন্যা পরিস্থিতির সৃষ্টি করতে পারে।

<u>পানি সমতল ও বারিপাত তথ্য</u>

**(১৭ বৈশাখ, ১৪৩৩ বঙ্গাব্দ/৩০ এপ্রিল, ২০২৬ খ্রিঃ সকাল ৯.০০ টার তথ্য অনুযায়ী)**

**প্রাক-মৌসুমী বিপদসীমা উপর দিয়ে প্রবাহিত স্টেশন:০৫টি।**

| প্রাক-মৌসুমী বিপদসীমা উপর দিয়ে প্রবাহিত নদীর নাম | প্রাক-মৌসুমী বিপদসীমা উপর দিয়ে প্রবাহিত পানি সমতল স্টেশনের নাম | প্রাক-মৌসুমী বিপদসীমা উপর দিয়ে প্রবাহিত পানি সমতল জেলার নাম | প্রাক-মৌসুমী বিপদসীমা (মিটার) | আজকের পানি সমতল (মিটার) | বিগত ২৪ ঘন্টায় বৃদ্ধি(+)/হ্রাস(-) (সে.মি.) | প্রাক-মৌসুমী বিপদসীমা উপরে (সে.মি.) |
|---|---|---|---|---|---|---|
| ভুগাই-কংস | জারিয়াজাঞ্জইল | নেত্রকোণা | ৬.৩৫ | ৭.৩৫ | +১৮ | +১০০ |
| সোমেশ্বরী | কমলাকান্দা | নেত্রকোণা | ৪.৯০ | ৫.৬৩ | +২৩ | +৭৩ |
| মগরা | নেত্রকোণা | নেত্রকোণা | ৫.৫০ | ৬.১৮ | +৬৬ | +৬৮ |
| মগরা | আটপাড়া | নেত্রকোণা | ৫.৮০ | ৫.৯৬ | +২৮ | +১৬ |
| সুতাং | সুতাং-রেলওয়ে ব্রীজ | হবিগঞ্জ | ৪.৯৫ | ৫.০৬ | +২৬ | +১১ |

**গত ২৪ ঘন্টায় উল্লেখযোগ্য বারিপাত তথ্য**

**বাংলাদেশের অভ্যন্তরে:**

| স্টেশন | বারিপাত (মি.মি.) | স্টেশন | বারিপাত (মি.মি.) |
|---|---|---|---|
| চাঁদপুর | ৫৫.০ | জারিয়াঞ্জাইল (নেত্রকোনা) | ৪০.০ |

**ভারতের উত্তর পূর্বাঞ্চলের সিকিম, মেঘালয় ও ত্রিপুরা অঞ্চল:**

| স্টেশন | বারিপাত (মি.মি.) |
|---|---|
| আগরতলা (ত্রিপুরা) | ২৯.০ |

নদ-নদীর অবস্থা

| | | | |
|---|---|---|---|
| পর্যবেক্ষণাধীন পানি সমতল স্টেশন | ৪৬ | গেজ স্টেশন বন্ধ আছে | ০০ |
| বৃদ্ধি | ৩২ | গেজ পাঠ পাওয়া যায়নি | ০০ |

| | | | |
|---|---|---|---|
| হ্রাস | ১৩ | মোট তথ্য পাওয়া যায়নি | ০০ |
| অপরিবর্তিত | ০১ | প্রাক-মৌসুমী বিপদসীমা উপরে স্টেশন সংখ্যা | ০৫ |

**৭।** ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ২৯ এপ্রিল ২০২৬ খ্রি: তারিখ রাত ১২.০০ টা থেকে ৩০ এপ্রিল ২০২৬ খ্রি: তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত সারাদেশে মোট **১৪ টি** অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগ ভিত্তিক অগ্নিকান্ডে নিহত ও আহতের সংখ্যা নিম্নরুপ:

| ক্রঃ নং | বিভাগের নাম | অগ্নিকান্ডের সংখ্যা | আহতের সংখ্যা | নিহতের সংখ্যা |
|---|---|---|---|---|
| ১. | ঢাকা | ২ | ০ | ০ |
| ২. | ময়মনসিংহ | ১ | ০ | ০ |
| ৩. | বরিশাল | ১ | ০ | ০ |
| ৪. | সিলেট | ০ | ০ | ০ |
| ৫. | রাজশাহী | ৪ | ১ | ০ |
| ৬. | চট্টগ্রাম | ২ | ০ | ০ |
| ৭. | খুলনা | ৩ | ০ | ০ |
| ৮. | রংপুর | ১ | ০ | ০ |
| | **মোট** | **১৪** | **১** | **০** |

৮। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক গৃহীত সাম্প্রতিক কার্যক্রমঃ

বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্তদের সাহায্যার্থে মানবিক সহায়তা হিসেবে বিতরণের নিমিত্ত ২৯.০৪.২০২৬ খ্রিঃ তারিখে নিম্ন বর্ণিত জেলাসমূহের নামের পাশে উল্লিখিত ত্রাণ কার্য টাকা, ত্রাণ কার্য চাল, শিশু খাদ্য ক্রয় বাবদ টাকা, গো খাদ্য ক্রয় বাবদ টাকা এবং শুকনা ও অন্যান্য খাবার বরাদ্দ প্রদান করা হয়েছে:

| ক্র. নং | জেলার নাম | দুর্যোগকালীন ত্রাণ কার্য (চাল) (মেঃটন) | ত্রাণ কার্য (নগদ) (টাকা) | শুকনো ও অন্যান্য খাবার (বস্তা) | শিশু খাদ্য (টাকা) | গো-খাদ্য (টাকা) | ঢেউটিন (বাণ্ডিল) | গৃহমঞ্জুরি (টাকা) | মোট বরাদ্দ টাকা (৪+৬+৭+৯) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১ | সিলেট | ৫০০ | ৩০,০০,০০০ | ১০,০০০ | ২০,০০,০০০ | ২০,০০,০০০ | ২০০ | ৬,০০,০০০ | ৭৬,০০,০০০ |

৯। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক ০১.০৫.২০২৬ তারিখে ১৯টি জেলার (দিনাজপুর, নেত্রকোনা, সিরাজগঞ্জ, বরগুনা, রাঙ্গামাটি, ফরিদপুর, পিরোজপুর, ঝালকাঠি, মুন্সিগঞ্জ, পটুয়াখালী, মাগুরা, জয়পুরহাট, গোপালগঞ্জ, ঝিনাইদাহ, চাঁদপুর, রংপুর, ময়মনসিংহ, কিশোরগঞ্জ এবং হবিগঞ্জ) ১৫৩টি উপজেলায় সর্বমোট ৮,৬৪৭ (আট হাজার ছয়শত সাতচল্লিশ) বান্ডিল ঢেউটিনের বিপরীতে মোট ২,৫৯,৪১,০০০/- (দুই কোটি উনষাট লক্ষ একচল্লিশ হাজার ) টাকা গৃহমঞ্জুরি হিসেবে শর্তসাপেক্ষে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারগণের উনুকূলে বরাদ্দের জন্য মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর বরাবর ছাড় করা হয়েছে

০১-০৫-২০২৬
মোঃ জাহিদ হাসান
ভারপ্রাপ্ত কর্মকর্তা
ফোন : ৮৮০-৫৮৮১১৬৫১
ফ্যাক্স : ৮৮০-২-৯৮৯১৯২৬
ইমেইল : controlroom.ddm@gmail.com

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১
এনডিআরসিসি অনুবিভাগ , দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।

**স্মারক নম্বর:** ৫১.০১.০০০০.০০০.০২৭.১৫.০০০১.২৬.১২০/১ (১৭)

তারিখ: ১৮ বৈশাখ ১৪৩৩
০১ মে ২০২৬

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।।
৪। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সচিব, সচিবের দপ্তর, কৃষি মন্ত্রণালয়।
৬। সচিব, সচিবের দপ্তর , প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
৭। সচিব , সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
৮। সচিব, সচিবের দপ্তর, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।
৯। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।
১০। বিভাগীয় কমিশনার (সকল)।
১১। পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।।
১২। জেলা প্রশাসক (সকল)।
১৩। উপপরিচালক, প্রশাসন-১ অধিশাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।
১৪। উপপরিচালক, প্রশাসন-২ অধিশাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।
১৫। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।
১৬। নির্বাহী প্রকৌশলী (পুর) (অতিরিক্ত দায়িত্ব), বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
১৭। প্রোগ্রামার, আইসিটি শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।